



পরীক্ষা নিয়ন্ত্রক দফতর  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়



www.iau.edu.bd iau.exam@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

স্মারক নং-ইআবি/পনি./কা.কে.প/২০১৮/ ২৮

তারিখ: ২৫/০২/২০১৮খ্রি.

**কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট পরীক্ষা-২০১৭**  
**এবং কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৫ এর**

**পরীক্ষার্থীদের প্রবেশপত্র এবং DR List ডাউনলোড সংক্রান্ত বিজ্ঞপ্তি**

এতদ্বারা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকার আওতাধীন কামিল (স্নাতকোত্তর) এবং কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) মাদরাসার অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব নিয়মিত অনিয়মিত ও প্রাইভেট পরীক্ষা-২০১৭ এবং কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা-২০১৫ এর পরীক্ষার্থীদের প্রবেশপত্র ডাউনলোড সংক্রান্ত কার্যক্রম নিম্নোক্ত তফসিল অনুযায়ী সম্পন্ন হবে। এতদসংক্রান্ত অন্যান্য কার্যক্রম ও নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো।

ক্রম	কাজের বিবরণ	তারিখ
০১	পরীক্ষা কেন্দ্রের আওতাধীন মাদরাসার প্রবেশপত্র কেন্দ্র ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক ডাউনলোড সম্পন্ন করার তারিখ	০১/০৩/২০১৮ থেকে ০৫/০৩/২০১৮ পর্যন্ত
০২	প্রবেশপত্র ডাউনলোড করার পর কেন্দ্র ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্বে কেন্দ্রের আওতাধীন মাদরাসায় প্রবেশপত্র পৌঁছানোর তারিখ	০১/০৩/২০১৮ থেকে ০৫/০৩/২০১৮ পর্যন্ত
০৩	প্রবেশপত্রে যে কোন ধরণের সংশোধনের জন্য Online Banking এ- টাকা জমা দিয়ে ব্যাংক রশিদ, আবেদন ও (eFF) এর প্রিন্ট আউট কপি পরীক্ষা নিয়ন্ত্রক দফতরে জমা দেয়ার সর্বশেষ তারিখ	০৫/০৩/২০১৮ থেকে ০৬/০৩/২০১৮ পর্যন্ত
০৪	সংশোধিত প্রবেশপত্র ওয়েবসাইট হতে ডাউনলোড করার তারিখ	০৮/০৩/২০১৮
০৫	DR List ওয়েবসাইট হতে ডাউনলোড করার তারিখ	০৪/০৩/২০১৮ থেকে ০৮/০৩/২০১৮ পর্যন্ত

**প্রবেশপত্র ডাউনলোড/প্রিন্ট করার নিয়মাবলী**


- ❖ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.iau.edu.bd](http://www.iau.edu.bd) এ ঢুকে eSIF/eFF মেনুতে যাবে।
- ❖ তারপর পরীক্ষা কেন্দ্রের মাদরাসায় EIIN ও Password দিয়ে Login করবে।
- ❖ eFF এর অনুরূপ Class, Year, Type এবং Session নির্বাচন করে Continue বাটনে ক্লিক করবে।
- ❖ বাম পাশের মেনু বক্সে “Admit Card Download” বাটনে ক্লিক করলে কেন্দ্রের আওতাধীন সকল মাদরাসার তালিকা প্রদর্শন করা হবে।
- ❖ প্রদর্শিত তালিকায় প্রতিটি মাদরাসার নামের পাশের Downloads কলামে Generate Admit Card/ Download Admit Card বাটনে ক্লিক করে pdf ফাইলটি জেনারেট করে ডাউনলোড করবে।
- ❖ Retake ও Improvement এর ক্ষেত্রে Generate Admit Card for Retake & Improvement/Download Admit Card for Retake & Improvement বাটনে ক্লিক করে জেনারেট করে ডাউনলোড করবে।

বি: দ্র: প্রবেশপত্র প্রিন্ট করার বিস্তারিত নির্দেশিকা স্ক্রিনশটসহ eSIF/eFF এর নোটিশ সেকশনে পাওয়া যাবে।

- বাম পাশের মেনু বক্সে DR Download বাটনে ক্লিক করে DR তালিকা প্রিন্ট করুন।


**ব্যাংকে টাকা জমা ও অন্যান্য নিয়মাবলী:**

- ১। পরীক্ষার্থীদের প্রবেশপত্র সংশোধনী ফি বাবদ প্রতি পরীক্ষার্থী ৩০০/- (তিনশত) টাকা হারে Online Banking এর মাধ্যমে অগ্রণী ব্যাংক, সাতমসজিদ রোড শাখা, ঢাকার হিসাব নং-০২০০০০৯০৮২৩৪১ (ইআবি পরীক্ষা ফান্ড) এর মাধ্যমে জমা দিতে হবে। প্রবেশপত্র সংশোধনের জন্য পরীক্ষা নিয়ন্ত্রক দফতরে অধ্যক্ষ কর্তৃক আবেদন, ব্যাংক রশিদের মূলকপি ও (eFF) এর প্রিন্ট আউট কপি জমা দিতে হবে।
- ২। ব্যাংকে টাকা জমার পর মাদরাসার অধ্যক্ষ টাকা জমা রশিদের বিপরীত পৃষ্ঠায় সীলমোহরসহ স্বাক্ষর করবেন। কোন ক্রমেই নগদ টাকা, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারী চালান ইত্যাদি বিশ্ববিদ্যালয়ের ফি হিসেবে গ্রহণ করা হবে না।
- ৩। বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোন ক্রমেই ফি-এর টাকা জমার রশিদ গ্রহণ করা হবে না।

  
পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। অধ্যক্ষ, অধিভুক্ত কামিল (স্নাতকোত্তর) এবং কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) মাদরাসাসমূহ।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কামিল (স্নাতকোত্তর) এবং কামিল মাস্টার্স (১ বছর মেয়াদী) পরীক্ষা কেন্দ্র।
- ✓ আই.সি.টি শাখা, (ওয়েবসাইটে প্রকাশ করার জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। অফিস নথি।

  
২৫/০২/১৮  
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।